# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 11-09-24** **Desk in Charge :**

**Time : 7.35A.M.** **Compiling :**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR কান্ডে জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার জন্য সুপ্রিমকোর্ট গতকাল বিকেল পাঁচটা পর্যন্ত সময়সীমা বেঁধে দিলেও, তাঁরা আন্দোলন চালিয়ে যাচ্ছেন। # স্বাস্থ্য ভবনের সামনে রাতভ'র তাঁরা বিক্ষোভ চালান। আজ'ও সকালে চলেছে অবস্থান।

২/ তাঁদের আলোচনায় বসার আমন্ত্রণ জানিয়ে ইমেল করা হয়েছে বলে নয়ান্নের পক্ষে দাবী করা হয়েছে। তবে, সঠিকভাবে সম্মান জানিয়ে তা' করা হয়নি বলে ডাক্তারদের পাল্টা দাবী।

৩/ RG KAR হাসপাতালে 'হুমকি সংস্কৃতি'র সঙ্গে জড়িত থাকার অভিযোগে ৫১ জন চিকিৎসকের বিরুদ্ধে নোটিস জারি করেছে কর্তৃপক্ষ। আজ তাঁদের হাজিরা দিতে বলা হয়েছে। # ক্যাম্পাসে, RG KAR কান্ডে বিতর্কে জড়িয়ে পড়া চিকিৎসক পড়ুয়া অভীক দে-র সবরকম কাজকর্মের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

৪/ কলকাতা হাইকোর্ট, তিন দিনের মধ্যে ২০১০-এর গ্রুপ-ডি পরীক্ষার ফল প্রকাশ করার জন্য মাদ্রাসা সার্ভিস কমিশনকে নির্দেশ দিয়েছে।

৫/ ঝাড়গ্রামে তাড়ানোর নামে এক অন্তঃসত্ত্বা হাতিকে মারার ঘটনায় তার দেহের ময়না তদন্তের রিপোর্ট তলব করেছে হাইকোর্ট।

৬/ ভারতীয় ফুটবল দলের ডিফেন্ডার আনোয়ার আলিকে চার মাসের জন্য নির্বাসিত করা হয়েছে।

***********************************************************

RG KAR কান্ডে জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার জন্য সুপ্রিমকোর্ট গতকাল বিকেল পাঁচটা পর্যন্ত সময় বেঁধে দিলেও, তাঁরা আন্দোলন চালিয়ে যাচ্ছেন। স্বাস্থ্য ভবনের সামনে, রাতভ'র বিক্ষোভ দেখান ডাক্তাররা। আজ সকালে'ও সেখানে তাঁদের অবস্থান বিক্ষোভ চলেছে।

রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম, গতকাল নবান্ন থেকে তাদের আলোচনায় বসার আমন্ত্রণ জানিয়ে বিক্ষোভরত জুনিয়ার ডাক্তারদের email পাঠান। কিন্তু সঠিকভাবে সম্মান জানিয়ে এই মেল করা হয়নি বলে আন্দোলনকারীদের দাবী। তাই তাঁরা সেই আমন্ত্রণে সাড়া দেননি। হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় ন্যায় বিচারের দাবিতে আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্তেই অনড় রয়েছেন তাঁরা।

এদিকে, রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ১০ জন আন্দোলনরত চিকিৎসককে গতকাল নবান্নে ডাকেন। তাঁদের জন্য তিনি দেড় ঘন্টা অপেক্ষাও করেন। কিন্তু তাঁরা আসেননি।

( বাইট- চন্দ্রিমা)

জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ও ইন্ডিয়ান মেডিক্যাল আসোসিয়েশন-এর পক্ষ থেকেও জিনিয়ার ডাক্তারদের আন্দোলনে সঙ্গহতি জানানো হয়েছে। তাঁরা আজ বিকেলে পশ্চিমবঙ্গ মেডিক্যাল কাউন্সিলের সামনে জমায়েত ও বিক্ষোভের কর্মসূচী নিয়েছেন।

উল্লেখ্য, কলকাতার পুলিশ কমিশনার এবং স্বাস্থ্য দপ্তরের সচিব, স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার পদত্যাগের দাবিতে জুনিয়ার ডাক্তাররা গতকাল স্বাস্থ্য ভবন সাফাই অভিযান করেন। তাঁদের সঙ্গে যোগ দেন সমাজের বিভিন্ন স্তরের সাধারণ মানুষ এবং বিশিষ্ট জনেরা। ব্যারিকেড দিয়ে আন্দোলনকারীদের আটকে দেওয়া হলে সেখানেই রাস্তায় বসে তাঁরা অবস্থান শুরু করেন। প্রতীকি মস্তিষ্ক, জাতীয় পতাকা হাতে চলছে গান, স্লোগান।

*******************

কাজে ফেরার জন্য সর্বোচ্চ আদালতের নির্দেশ সত্বেও, চিকিৎসকদের আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল তিনি বাগডোগরা বিমানবন্দরে সাংবাদিকদের বলেন-

( বাইট- শুভেন্দু )

SFI, DYFI, এবং AIDWA র মতো বাম সংগঠনগুলিও জুনিয়র চিকিৎসকদের আন্দোলন চালিয়ে যাওয়ার সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা মদন মিত্র, চিকিৎসকদের স্বাস্থ্য ভবন অভিযানের তীব্র সমালোচনা করেছেন। গতকাল সাংবাদিকদের কাছে তিনি প্রশ্ন তোলেন, সবাই যদি পদত্যাগ করেন তাহলে স্বাস্থ্য ভবনটা চালাবে কে ?

*******************

আর জি কর কাণ্ডে তিলোত্তমার ন্যায় বিচার, প্রকৃত দোষীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে কংগ্রেস, রাজারহাট চৌমাথায় গতকাল বেলা বারোটা থেকে অনশন আন্দোলন করছে। চলবে আজ বিকেল পাঁচটা পর্যন্ত। প্রদেশ কংগ্রেস সূত্রে জানা গেছে, উত্তর ২৪ পরগনা জেলা কংগ্রেসের পক্ষ থেকে এই কর্মসূচী পালনের ডাক দেওয়া হয়েছে।

*******************

RG KAR হাসপাতালে ‘হুমকি সংস্কৃতি’র সঙ্গে জড়িত থাকার অভিযোগে ৫১ জন চিকিৎসকের বিরুদ্ধে কর্তৃপক্ষ নোটিস জারি করেছে। অনুসন্ধান কমিটির সামনে আজ তাঁদের হাজিরা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। কমিটির অনুমতি ছাড়া ওই ৫১ জন চিকিৎসক, হাসপাতাল ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন না।

এই ৫১ জনের মধ্যে রয়েছেন, ২০ জন হাউজ স্টাফ, দুজন সিনিয়র রেসিডেন্ট ডাক্তার, একজন গবেষক এবং ১১ জন ইন্টার্ন।

*******************

RG KAR কান্ডে বিভিন্ন অভিযোগে খবরের শিরোনামে উঠে আসা PG প্রথম বর্ষের পড়ুয়া চিকিৎসক অভীক দে-কে রাজ্য সরকার সাসপেন্ড করার পর, ক্যাম্পাসে তার সবরকম কাজকর্মের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ‘ইন্সটিটিউট অফ পোস্ট গ্রাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ’ IPGMER-এর জেনারেল সার্জারি বিভাগের প্রধানকে লেখা চিঠিতে ‘ডিন অফ স্টুডেন্ট অ্যাফেয়ার্স’ জানিয়েছেন, কলেজ কাউন্সিলের জরুরী বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অভীক দে OPD,

ইন্ডোর ওয়ার্ড, স্পেশাল ক্লিনিক, এমার্জেন্সি, OT সহ চিকিৎসার কোনো কাজেই অংশ নিতে পারবেন না। ক্লাস করা, সেমিনার ইত্যাদি অ্যাকাডেমিক কাজকর্মেও যোগ দিতে পারবেন না তিনি। জেনারেল সার্জারি বিভাগের আওতায় PGT হস্টেলে'ও থাকতে পারবেন না।

উল্লেখ্য, ভাইরাল ভিডিও-য় RG KAR-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের অত্যন্ত ঘনিষ্ঠ হিসেবে পরিচিত অভীক দে-কে ৯'ই আগস্ট চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের অকুস্থলে ভিড় করে থাকা লোকজনের মধ্যে দেখা গিয়েছিল বলে অভিযোগ। বহুচর্চিত হুমকি সংস্কৃতির সঙ্গেও তাঁর নাম জড়ায়।

*******************

RG KAR-এর ঘটনার পর, উত্তর ২৪ পরগণার দমদম ক্যান্টর্নমেন্ট স্টেশনে আজ উদ্বোধন হতে চলেছে সম্পূর্ণ মহিলা পরিচালিত একটি টোটো স্ট্যান্ডের। এর নাম দেওয়া হয়েছে তিলোত্তমা টোটো স্ট্যান্ড। এই স্ট্যান্ড থেকে যে টোটোগুলি চলবে, তা' চালাবেন মহিলারাই। রাজ্যের মধ্যে এই ধরণের উদ্যোগ প্রথম বলে আয়োজক 'বাঙলা পক্ষে'র তরফে দাবী করা হয়েছে।

*******************

আরজি কর কান্ড নিয়ে তোলপাড়ের মধ্যেই রাজ্য সরকার, শিশুদের ওপর যৌন নির্যাতনের অভিযোগের দ্রুত নিষ্পত্তিতে তৎপর হয়েছে। নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে পাঁচটি বিশেষ পকসো আদালত তৈরির প্রস্তাব গৃহীত হয়। বৈঠকের পর অর্থ মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, রাজ্যে ইতমধ্যেই ৬২টি পকসো আদলত রয়েছে। নতুন আদালতগুলি তৈরি হলে পকসো আদালতের সংখ্যা বেড়ে হবে ৬৭। শ্রীমতী ভট্টাচার্য জানিয়েছেন, রাজ্যে শিশুদের উপর যৌন নির্যাতনের একটি ঘটনাও যেন না ঘটে তা নিশ্চিত করতে দ্রুত বিচার দিতে উদ্যোগ নেওয়া হচ্ছে। মন্ত্রিসভার বৈঠকেও RG KAR প্রসঙ্গ ওঠে বলে জানা গেছে। এ ব্যাপারে, মুখ্যমন্ত্রী ছাড়া অন্য কেউ কোনো প্রতিক্রিয়া দেবেন না বলে সদস্যদের জানিয়ে দেওয়া হয়েছে।

*******************

বাংলা চলচ্চিত্র জগতের সঙ্গে যুক্ত মহিলা শিল্পীদের নিরাপত্তা ও সুরক্ষায় রাজ্য সরকার, হেমা কমিশনের অনুকরনে একটি বিশেষ কমিটি তৈরি করার বিষয়ে ভাবনাচিন্তা করছে। মালয়ালাম সিনেমায় দীর্ঘদিন ধরে চলে আসা যৌন হেনস্থার বিষয়টি বিচারপতি হেমা কমিশনের রিপোর্টে প্রকাশ্যে আসার পর তারই ধাঁচে এই কমিটি তৈরী করার কথা ভাবা হচ্ছে। অভিনেত্রী ঋতাভরী চক্রবর্তী গতসন্ধ্যায় নবান্নে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে সাক্ষাত করেন। তাদের মধ্যে বেশ কিছুক্ষণ কথা হয়। বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু জানানো হয়নি। তবে আর জি কর আবহে টলিউড ইন্ডাস্ট্রিতে সম্প্রতি কয়েকজন পরিচালকের বিরুদ্ধে নারী নির্যাতন ও শ্লীলতাহানির খবর প্রকাশ্যে আসায় তা নিয়ে কি পদক্ষেপ নেওয়া যায় সেই বিষয়ে দু’জনের কথা হয়েছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, ইন্ডাস্ট্রিতে এই ধরনের ঘটনা ঘটায় হেমা কমিশনের আদলে একটি কমিটি তৈরি করার জন্যে পদক্ষেপ নিতে ঋতাভরী কয়েকদিন আগে সামাজিক গনমাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলেন। রাজ্য সরকার ইতিমধ্যেই ফেডারেশন সুরক্ষা বন্ধু নামে একটি কমিটি তৈরি করেছে।

*******************

কলকাতা হাইকোর্ট, তিন দিনের মধ্যে ২০১০-এর গ্রুপ-ডি পরীক্ষার ফল প্রকাশ করার জন্য মাদ্রাসা সার্ভিস কমিশনকে নির্দেশ দিয়েছে।

বিচারপতি অমৃতা সিন্‌হা গতকাল এই মামলার শুনানিতে ১৪ বছর আগে নেওয়া এই পরীক্ষার ফল এতদিনেও কেন প্রকাশিত হয়নি, সে ব্যাপারে বিস্ময় প্রকাশ করেন। কোনো পরীক্ষার ফল বের করতে এতোদিন সময় লাগে কিনা, কমিশনের কাছে বিচারপতি সে কথাও জানতে চেয়েছেন।

উল্লেখ্য, ২০১০-এ গ্রুপ-ডি র প্রায় তিন হাজার শূণ্যপদের জন্য এই পরীক্ষা নেওয়া হয়। অন্ততঃ এক লক্ষ প্রার্থী এই পরীক্ষায় বসেন। পরীক্ষার ফল ঘোষণায় দেরী এবং এই নিয়ে দুর্নীতির অভিযোগে সরব চাকরীপ্রার্থীরা, কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন। ডিভিশন বেঞ্চ আগেই এই ফলপ্রকাশের সময়সীমা বেঁধে দেয়,

কিন্তু দুদিনের মধ্যেই তা’ শেষ হবার কথা। তার আগেই বিচারপতি সিন্‌হা গতকাল তিনদিনের এই সময় সীমা বেঁধে দিলেন।

*******************

ঝাড়গ্রামে তাড়ানোর নামে এক অন্তঃসত্ত্বা হাতিকে মারার ঘটনায়, তার দেহের ময়না তদন্তের রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ, আগামী ২৪শে সেপ্টেম্বর রাজ্যকে এই রিপোর্ট জমা দিতে বলে। বন্যপ্রাণ রক্ষায় প্রশাসনিক সদিচ্ছা নিয়েও বেঞ্চ প্রশ্ন তুলেছে। রিপোর্টের কপি মামলাকারীকে দেওয়ার’ও নির্দেশ দিয়েছে আদালত, যাতে তিনি বিষয়টি খতিয়ে দেখে নিজের বক্তব্য জানাতে পারেন।

উল্লেখ্য, আইনজীবি রৈবত বন্দ্যোপাধায় এই জনস্বার্থ মামলা দায়ের করে আদালতকে একটি কমিটি গঠনের আর্জি জানিয়েছেন, যেখানে সরকারি ও বেসরকারি বিশেষজ্ঞ ও প্রতিনিধিরা থাকবেন। পাশাপাশি, হাতি ধরা বা তাড়াতে অবিলম্বে বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণ, যাতায়েতের পথ দখলমুক্ত করা সহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনকে নির্দেশ দেওয়ার আর্জিও জানিয়েছেন তিনি।

আগেই জানানো হয়েছে, গত ১৫’ই আগস্ট একটি হাতির দল, ঝাড়গ্রাম শহরে ঢুকে পড়ে। তাদের হামলায় বিদ্যাসাগর পল্লী এলাকায় এক ব্যক্তির মৃত্যু’ও হয়। কিন্তু ওই দলটিকে তাড়ানোর সময় একটি অন্তঃসত্ত্বা হাতির পিঠে জ্বলন্ত লোহার শলাকা ঢুকিয়ে দেওয়া হয়। পরে মৃত্যু হয় হাতিটির। এই ঘটনায় বন দপ্তরের আধিকারিকদের বিরুদ্ধেও গাফিলতির অভিযোগ উঠেছে।

*******************

এ মাসের পয়লা তারিখ  শুরু হয়েছে রাষ্ট্রীয় পুষ্টি মাস উদযাপন। মা ও শিশুদের সঠিক পুষ্টির প্রয়োজনীয়তা নিয়ে বিভিন্ন সচেতনতার বার্তা পৌঁছে দিতে নেওয়া হয়েছে নানা কর্মসূচি। প্রথম সাত দিন পুষ্টি সপ্তাহ পালনের পর শুরু হয়েছে দ্বিতীয় পর্যায়, চলবে এ মাসের ১৪ তারিখ পর্যন্ত।

অঙ্গনওয়াড়ি কেন্দ্র গুলিতে গর্ভবতী মহিলা, প্রসূতি মা ও শিশুদের সামগ্রিক পুষ্টির লক্ষ্যে গৃহীত কার্যাবলী সম্পর্কে আমাদের জানালেন, রাজ্যের নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের শিশু বিকাশ প্রকল্প আধিকারিক চিত্রা মজুমদার ।

( বাইট- চিত্রা মজুমদার)

*******************

নিয়ম বহির্ভূতভাবে বাড়তি পণ্য পরিবহণ বন্ধ সহ সাত দফা দাবীতে, ট্রাক মালিক সংগঠন আজ থেকে রাজ্যে ৭২ ঘন্টা ট্রাক বন্ধের ডাক দিয়েছে।

*******************

ভারতীয় ফুটবল দলের ডিফেন্ডার আনোয়ার আলীকে চার মাসের জন্য নির্বাসিত করা হয়েছে। একইসঙ্গে ইস্টবেঙ্গল ও দিল্লি FC আগামী দুটি ট্রান্সফার উইন্ডোতে কোনো ফুটবলারকে সই করাতে পারবে না। ইস্টবেঙ্গল ক্লাব , দিল্লি এফসি ও আনোয়ার আলিকে ১২ কোটি ৯০ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এই টাকা পাবে মোহনবাগান সুপারজায়ান্ট। সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের প্লেয়ার্স স্ট্যাটাস কমিটি গতকাল এই সিদ্ধান্ত নেয়।

************************************************************